

মেহেন্দিগঞ্জ পৌরসভা কার্যালয়

জেলা : বরিশাল।



স্মারক নং মেহেন্দিগঞ্জ / পৌর / প্রশাসন / ২০২২ / ২৭১

তারিখ : ০৬.১২.২০২২ খ্রিঃ

" অফিস আদেশ "


গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা নং-৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১২ (অংশ-৩)-০৭ তারিখঃ ০২.০১.২০১৩ এর পৌরসভা স্থায়ী কমিটি গঠন ও কমিটির কার্যাবলী সংক্রান্ত উপ-আইনমালার প্রথম তফসিল মোতাবেক নিম্নে বর্ণিত সদস্য সমন্বয়ে ২ বছর ০৬ মাস মেয়াদ নির্ধারণ করে অত্র পৌরসভা দুর্যোগ ও ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি গঠন করা হইল (কমিটির কার্যপরিধি গেজেটের কপি সংযুক্ত)।

দুর্যোগ ও ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি


ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবী
০১.	জনাব রাজ্জাক জমদার, সাধারণ আসনে কাউন্সিলর, ০৯ নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সভাপতি
০২.	জনাব কামাল উদ্দিন খান, মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য
০৩.	জনাবা রাশিদা বেগম বিউটি, সংরক্ষিত আসনে কাউন্সিলর, ৭.৮.৯ নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য
০৪.	জনাবা রোকসানা বেগম, সংরক্ষিত আসনে কাউন্সিলর, ৪.৫.৬ নং ওয়ার্ড, ও প্যানেল মেয়র-৩, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য
০৫.	জনাব মোঃ শোয়েব হোসেন, সাধারণ আসনে কাউন্সিলর, ০৩ নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য

সরকার কর্তৃক নির্ধারিত দুর্যোগ ও ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির কার্যপরিধি নিম্নরূপ :-

০১. দুর্যোগ সংক্রান্ত সংশ্লিষ্ট স্থায়ী নির্দেশাবলী অনুযায়ী পূর্ব সর্তকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করা ;
০২. দুর্যোগ প্রাদুর্ভাব সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ।
০৩. দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধির জন্য পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা। বিবিধ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ও প্রশিক্ষণের ব্যবস্থা করা।
০৪. দুর্যোগকালীন সময়ে জরুরী ভিত্তিতে পৌরসভায় দুর্যোগ নিয়ন্ত্রন কক্ষের ব্যবস্থা করা।
০৫. দুর্যোগকালীন সময়ে এবং পরে সহায়তা প্রদানের লক্ষে উপজেলা ও জেলা প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করা।
০৬. দুর্যোগকালীন সময়ে বৃষ্টিগ্রস্ত ব্যক্তিদের নিরাপদ জায়গায় স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা।
০৭. দুর্যোগের কারণে আহত ব্যক্তিদের জরুরী ভিত্তিতে চিকিৎসা সহায়তা প্রদানের ব্যবস্থা করা।
০৮. দুর্যোগ পরবর্তী ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসনের ব্যবস্থা করা।
০৯. অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।


৩/১২/২২
(কামাল উদ্দিন খান)
মেয়র

ই-মেইল mehendigangajpourasava@lgd.gov.bd



স্মারক নং মেহেন্দিগঞ্জ / পৌর / প্রশাসন / ২০২২ / ২৬০/১(১৫)

তারিখ : ০৬.১২.২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হইল।

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. পরিচালক, স্থানীয় সরকার শাখা, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক, জেলা বরিশাল।
০৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা বরিশাল।
০৬. পৌর নির্বাহী কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।
০৭. -১৪ জনাব/জনাব


সভাপতি, সদস্য/সদস্যা, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি, মেহেন্দিগঞ্জ পৌরসভা, মেহেন্দিগঞ্জ, জেলাঃ বরিশাল।

১৫. অফিস কপি।


৩/১২/২২
(কামাল উদ্দিন খান)

মেয়র

ই-মেইল mehendiganipourasava@lgd.gov.bd


০৬/১২/২২